

**বঙ্গবন্ধু বিজ্ঞান ও প্রযুক্তি
বিশ্ববিদ্যালয়ের কার্যক্রম
বন্ধের প্রতিবাদে গোপালগঞ্জে
হরতাল পালন**

গোপালগঞ্জ প্রতিনিধি : গোপালগঞ্জ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের কার্যক্রম স্থগিত ও অফিস গুটিয়ে নেওয়ার প্রতিবাদে গতকাল শনিবার গোপালগঞ্জে সকাল-সন্ধ্যা হরতাল পালিত হয়েছে।

ঢাকা, খুলনাসহ দুর্গপাড়ার এবং অভ্যন্তরীণ রুটের গাড়ি হরতালের কারণে চলেনি। রাতায় ● এরপর-গৃষ্টা ২ ফলাম ৫

বঙ্গবন্ধু বিজ্ঞান ও প্রযুক্তি

● শেষের পাতার পর

রিকশা ভ্যানও ছিল না। দোকানপাট, শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ ছিল। ব্যাংক বীমাসহ কোনো আর্থিক প্রতিষ্ঠানে লেনদেন হয়নি। সরকারি অফিসগুলো খোলা থাকলেও কাজকর্ম হয়নি।

হরতালের সমর্থনে আইনজীবীরা আদালত বর্জন করেন। বিশ্ববিদ্যালয় বাস্তবায়ন পরিষদ কমিটি ঘোষিত এই হরতালে সকাল থেকে রাত্তা ছিল উৎসুক জনতার দখলে। সারাদিন হরতালের সমর্থনে কোথাও কোনো পিকেটিং হয়নি। দোকানদার ও শ্রমিকরা হরতালের সমর্থনে রাত্তায় নেমে আসে। সকালে বিক্ষুব্ধ জনতা খুলনা থেকে ছেড়ে আসা একটি আইডেটকার ভাঙচুর করে।

বিকালে বাস্তবায়ন কমিটির উদ্যোগে স্থানীয় আঃলীগ অফিসের সামনে এক সমাবেশ অনুষ্ঠিত হয়। কমিটির আহ্বায়ক শেখ কামরুল ইসলাম রইসের সভাপতিত্বে অনুষ্ঠিত এ সমাবেশে অন্যদের মধ্যে বক্তব্য রাখেন, মোঃ আবু হোসেন, মাহাবুব আলী খান, মনিরুজ্জামান পিনু, শেখ মোঃ ইলিয়াস, সিকদার নূর মোঃ দুলু, গোলাম মোস্তফা, লতিফা জামাল চৌধুরী, গোলাম মেহেদী খান, জগদীশ চন্দ্র বৈদ্য, শহীদ চৌধুরী, শংকর কুমার দাশ, রবিউল আলম, মেজবাহউদ্দিন খোকন প্রমুখ।